ভোরের কাগজ

তারিখ ... JUN. 1 8 1999

পৃষ্ঠা ৮২ কলাম ৭

# মেধা তালিকায় চট্টগ্রাম বোর্ডে মেয়েরা এগিয়ে

**শহীদুল ইসলাম বাচ্চু :** চট্টগ্রাম শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষায় এবার মেয়েরা আশাতীত ভালো করেছে। মেধা তালিকায় পঞ্চাশ শতাংশেরও বেশি স্থান ছিনিয়ে নেওয়া ছাড়াও বিভিন্ন বিভাগে পাসের হারের ক্ষেত্রেও মেয়েরা এগিয়ে। বিশেষ করে মানবিক বিভাগে মেয়েদের একচেটিয়া প্রাধান্য লক্ষণীয়।

বিজ্ঞান বিভাগের বিভাগে ১৪ হাজার ৮৯০ জন ছাত্র ও ৮ হাজার ১৭৯ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। উত্তীর্ণ হয়েছে যথাক্রমে ১০ হাজার ৫৫১ জন ও ৫ হাজার ৯৮৪ জন। পাসের হার ছাত্র ৭০ দশমিক ৬৬ এবং ছাত্রী ৭২ দশমিক ৮২ শতাংশ। মানবিক ও সমাজবিজ্ঞান বিভাগে ১০ হাজার ৭৪১ জন ছাত্র ও ১৯ হাজার ৫৭৫ জন ছাত্রী পরীক্ষা দেয়। পাস করেছে যথাক্রমে ৫ হাজার ৬২২ জন ও ১০ হাজার ৩৫৪ জন, পাসের হার ছাত্র ৫১ দশমিক ৮৬ এবং ছাত্রী ৫২ দশমিক ৫১ শতাংশ। বাণিজ্য বিভাগে ১১ হাজার ৫৫৭ জন ছাত্রের মধ্যে ৬ হাজার ৫৮৮ জন এবং ৩ হাজার ৫৫১ জন ছাত্রীর মধ্যে ২ হাজার ১৪৭ জন উত্তীর্ণ হয়। পাসের হার যথাক্রমে ৫৬ দশমিক ৬৮ এবং ৬০ দশমিক ০৭ শতাংশ।

মেধা তালিকাতেও ছাত্রীরা খুবই ভালো করেছে। বিজ্ঞান বিভাগের সম্মিলিত মেধা তালিকায় শীর্ষস্থান ছাড়াও ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম (যৌথ), নবম, ত্রয়োদশ (৫ জনের মধ্যে ২ জন), চতুর্দশ এবং পঞ্চদশ (২ জনের মধ্যে ২ জন) স্থান দখল করেছে মেয়েরা। এই গ্রুপের ২০টি স্থান ৩৭ জন ছাত্রছাত্রী ভাগাভাগি করে নিয়েছে, যার মধ্যে ১০ জন ছাত্রী।

মানবিক ও সমাজবিজ্ঞান গ্রুপের সম্মিলিত মেধা তালিকায় ২০টি স্থানের মধ্যে ১৮টিতেই জ্বলজ্বল করছে ছাত্রীদের নাম। কেবল নবম ও অষ্টাদশ স্থানটি ছাত্রীদের হাতছাড়া হয়েছে। এই গ্রুপের ২০টি স্থানে মোট ২৬ জন ছাত্রছাত্রী, যার মধ্যে ২১ জনই ছাত্রী। এখানে প্রথম ৮টি স্থানই মেয়েদের দখলে। এর মধ্যে ১ম ও ৮ম স্থানের যৌথ ভাগীদার আছে দুজন ছাত্র।

বাণিজ্য বিভাগে ২০টি স্থানের মধ্যে ছাত্রীরা পেয়েছে ৮টি স্থান। তাদের স্থানগুলো হচ্ছে- ২য়, ৫ম, নবম, দ্বাদশ, চতুর্দশ, ষোড়শ, সপ্তদশ এবং বিংশতম স্থান।

ফলাফলে দেখা যায়, এই তিন বিভাগে ৬০টি (২০x৩) মেধা স্থানের মধ্যে ছাত্রীরাই ছিনিয়ে নিয়েছে ৩৪টি স্থান।